অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রাইড মাস চলাকালীন সময় নিউ ইয়র্কের LGBTQ+ কমিউনিটিকে সমর্থনের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন

গভর্নর হোকল নিউ ইয়র্কের তরুণ LGBTQ+ কমিউনিটির সমর্থনে নিউ ইয়র্ক সিটি প্রাইড মার্চে নিউ ইয়র্কবাসীদের সঙ্গে অংশ গ্রহণ করেন

স্টেট LGBTQ+ তরুণদের জন্য বিশেষায়িত সংকটকালীন পরামর্শসেবা প্রদানে 1.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে

স্টেটব্যাপী LGBTQ+ আইনি হটলাইন এবং রিসোর্স ওয়েবসাইট তৈরির জন্য 500,000 মার্কিন ডলার প্রদানের ঘোষণা

লরেনা বোর্জাস ট্রান্সজেন্ডার এবং নন-বাইনারি ওয়েলনেস ও ইকুইটি ফান্ডকে বর্ধিত করার মাধ্যমে এর পরিমাণ 16 মিলিয়ন মার্কিন ডলারের বেশি করা হয়েছে, যেটা দেশের মধ্যে এই ফান্ড সবচেয়ে বড়

2026 সালের LGBTQ+ Convening-এর জন্য ওয়ার্কশপের প্রস্তাবনার অনুরোধ শুরু

প্রাইড মাস উদযাপনে নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন স্থাপনা আলোকিত করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার+ (LGBTQ+) নিউ ইয়র্কবাসীদের জন্য সমর্থন বাড়ানোর লক্ষ্যে কয়েকটি সম্প্রসারিত উদ্যোগের ঘোষণা করেন, যার মধ্যে LGBTQ+ তরুণ এবং ট্রান্সজেন্ডার, নন-বাইনারি, ও জেন্ডার নন-কনফর্মিং (transgender, non-binary, and gender non-conforming communities, TGNCNB) কমিউনিটিগুলিকে সমর্থন করার জন্য অতিরিক্ত বিনিয়োগ আছে। চলতি বছরের পাশ করা বাজেটে LGBTQ+ তরুণদের জন্য বিশেষায়িত সংকটকালীন পরামর্শসেবা প্রদান এবং স্থানীয় 988 ক্রাইসিস কাউন্সেলরদেরকে LGBTQ+ তরুণদের উদ্বেগ ও প্রয়োজনীয়তা সম্পর্কে প্রশিক্ষণ দেওয়ার জন্য 1.8 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ আছে, যা নিশ্চিত করবে যাতে Trump (ট্রাম্প) প্রশাসন স্যুইসাইড এবং ক্রাইসিস লাইফলাইনের LGBTQ+ Youth Specialized Services প্রোগ্রামের তহবিল বন্ধ করে দেওয়া সত্ত্বেও জীবনরক্ষাকারী সেবাগুলির অ্যাক্সেস থাকে।

"নিউ ইয়র্ক (New York) LGBTQ+ আন্দোলনের জন্মস্থান, এবং আমি তা নিয়ে এর থেকে বেশি গর্বিত হতে পারতাম না," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "যখন পুরো আমেরিকাতে LGBTQ+ অধিকার আক্রমণের মুখে পড়ছে, তখন নিউ ইয়র্ক নীরব দর্শক হয়ে থাকবে না। আমরা সবসময় আমাদের LGBTQ+ কমিউনিটির পাশে কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়াবো এবং সমতার জন্য আমাদের লড়াই চালিয়ে যাবো কারণ নিরাপদ বোধ করা একটি মানবাধিকার। আজ আমরা সেই অধিকারগুলির পক্ষে দাঁড়িয়েছি, এবং ভবিষ্যতেও আমরা সবসময় সেই অধিকারগুলির জন্য লড়াই চালিয়ে যাবো।"

এই সমর্থনের ধারাবাহিকতায়, পাশ করা বাজেটে এছাড়াও স্টেটব্যাপী একটি LGBTQ+ আইনি হটলাইন এবং রিসোর্স ওয়েবসাইট তৈরির জন্য 500,000 মার্কিন ডলার আছে যাতে বর্তমান ফেডারেল প্রশাসনের আইনি ও নীতিগত আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত হওয়া LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের বিনামূল্যে আইনি পরামর্শ এবং কমিউনিটির রিসোর্স প্রদান করা যায়।

ট্রান্সজেন্ডার, জেন্ডার নন-কনফর্মিং, এবং নন-বাইনারি নিউ ইয়র্কবাসীদের চাহিদা আরো ভালোভাবে পূরণের লক্ষ্যে লরেনা বোর্জাস ট্রান্সজেন্ডার অ্যান্ড নন-বাইনারি ওয়েলনেস অ্যান্ড ইক্যুইটি ফান্ডের (Lorena Borjas Transgender and Non-Binary Wellness and Equity Fund) তহবিল অর্ধেক মিলিয়ন মার্কিন ডলার বাড়ানো হয়েছে, যার ফলে এই তহবিলের মোট পরিমাণ 16 মিলিয়ন মার্কিন ডলারের বেশি হয়েছে, যা দেশের মধ্যে এই ধরনের সব থেকে বড় তহবিল।

ফেডারেল সরকার যেখানে বছরের পর বছর ধরে নাগরিক অধিকারের অগ্রগতি ও তাদের হয়ে কথা বলার অধিকারকে অকেজো করে দেওয়ার চেষ্টা করছে, সেখানে নিউ ইয়র্ক LGBTQ+ ইতিহাস এবং আন্দোলনের এক সুদৃঢ় ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে। চলতি বছরের শুরুর দিকে, যখন ফেডারেল সরকার Stonewall National Park থেকে প্রাইড পতাকা অপসারণ করার মাধ্যমে এই ইতিহাসকে লক্ষ্যবস্তুতে পরিণত করতে এবং মুছে ফেলার চেষ্টা করে, তখন গভর্নর Hochul (হোকল) সফলভাবে এর বিরুদ্ধে লড়াই করেন এবং Stonewall Uprising-এর ইতিহাসকে আরো ব্যাপকভাবে তুলে ধরেন।

LGBTQ+ অধিকারের পক্ষে সোচ্চার একজন জাতীয় নেতা হিসেবে, গভর্নর Hochul (হোকল) এটি নিশ্চিত করে চলেছেন যে, নিউ ইয়র্ক যেন LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নিরাপদ ও অন্তর্ভুক্তিমূলক আবাসস্থল হয়ে ওঠে। দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর নিউ ইয়র্ককে LGBTQ+ তরুণদের জন্য একটি নিরাপদ আশ্রয়স্থল হিসেবে গড়ে তোলার আইনের পক্ষে কাজ করেছেন এবং আরো বেশি সুরক্ষা প্রদানের জন্য Shield Law 2.0-এ স্বাক্ষর করেছেন।

এই কাজকে আরো বড় করতে, গভর্নরের অফিস অফ LGBTQ+ অ্যাফেয়ার্স (Governor's Office of LGBTQ+ Affairs) বর্তমানে 2026 সালের LGBTQIA+ Convening-এর জন্য ওয়ার্কশপের প্রস্তাবনার অনুরোধ গ্রহণ করছে, যা 2026 সালের 15 সেপ্টেম্বর, মঙ্গলবার, নিউ ইয়র্কের অ্যালবানির (Albany) Empire State Plaza Concourse-এ অনুষ্ঠিত হবে। পঞ্চম বছরে পদার্পণ করা এই বার্ষিক আয়োজনটি স্টেট এজেন্সিগুলির নীতিনির্ধারক এবং সরকারি কর্মকর্তাদের একত্রিত করে যাতে তারা আমাদের স্টেটের LGBTQ+ কমিউনিটির সব থেকে জরুরি প্রয়োজনগুলির বিষয়ে সরাসরি অ্যাডভোকেটদের কাছ থেকে শুনতে পারেন এবং সেই

প্রয়োজনগুলি পূরণে নিউ ইয়র্ক স্টেট কী ধরনের প্রস্তাবিত পদক্ষেপ নিতে পারে সে সম্পর্কে জানতে পারেন।

আজকে রাতে, আগামীকাল, এবং 30 জুন নিচে দেওয়া স্টেটের বিশেষ স্থাপনাগুলি নানা রংয়ে আলোকিত করা হবে:

রবিবার, 28 জুন:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ
- কোসিউস্কো ব্রিজ
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন
- স্টেট এডুকেশন বিল্ডিং
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার
- দ্য "ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে
- MTA LIRR - পেন স্টেশনের ইস্ট ইন্ড গেটওয়ে
- ইরি ক্যানেলের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহ্যান ট্রেন হল
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস (Roosevelt Island Lighthouse)

সোমবার, 29 জুন:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ
- কোসিউস্কো ব্রিজ
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন
- স্টেট এডুকেশন বিল্ডিং
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং
- Empire State Plaza
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার
- দ্য "ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে
- MTA LIRR - পেন স্টেশনের ইস্ট ইন্ড গেটওয়ে
- ইরি ক্যানেলের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহ্যান ট্রেন হল
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস (Roosevelt Island Lighthouse)

মঙ্গলবার, 30 জুন:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ
- কোসিউস্কো ব্রিজ
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন
- স্টেট এডুকেশন বিল্ডিং
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং
- Empire State Plaza
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা ফলস
- দ্য "ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে
- MTA LIRR - পেন স্টেশনের ইস্ট ইন্ড গেটওয়ে
- ইরি ক্যানেলের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহ্যান ট্রেন হল
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস (Roosevelt Island Lighthouse)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হিউম্যান রাইটসের (New York State Division of Human Rights) কমিশনার Denise M. Miranda, Esq. (ডেনিস এম মিরান্ডা এস্কয়ার) বলেন, "প্রাইড মাসে আমরা LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের শক্তি, আনন্দ, এবং দৃঢ়তাকে উদযাপন করি। গভর্নর Hochul-এর (হোকল) আজকের পদক্ষেপগুলি সমতা এবং সকলের নিরাপত্তার প্রতি নিউ ইয়র্ক স্টেটের অবিচল প্রতিশ্রুতিকে আরো জোরালোভাবে তুলে ধরে। ডিভিশন অফ হিউম্যান রাইটসে আমরা বৈষম্য প্রতিরোধ করতে এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে তাদের প্রাপ্য মর্যাদা ও সম্মান পান তা নিশ্চিত করতে আমাদের হাতে থাকা প্রতিটি উপায় ব্যবহার করতে থাকবো।"

স্টেটের সিনেটর Erik Bottcher (এরিক বটচার) বলেন, "ভালোবাসা এবং নিজের প্রকৃত পরিচয় উদযাপনের লক্ষ্যে আমাদের রাস্তায় মিছিলে অংশ নেওয়া লক্ষাধিক নিউ ইয়র্কবাসীর সাথে প্রাইড উদযাপন করা সবসময়ই এক অসাধারণ সম্মানের বিষয়। Stonewall Inn যে ডিস্ট্রিক্টে অবস্থিত তার প্রতিনিধিত্ব করতে পেরে আমি বিশেষভাবে সম্মানিত, এটি আধুনিক LGBTQ+ নাগরিক অধিকার আন্দোলনের জন্মস্থান। Stonewall Inn প্রতিদিন আমাদের মনে করিয়ে দেয় যে অগ্রগতি কখনোই নিশ্চিত নয় এবং প্রত্যেক প্রজন্মের সেটিকে রক্ষা করার দায়িত্ব নিতে হবে। প্রাইড একই সাথে আমাদের অর্জিত অগ্রগতির উদযাপন এবং পদক্ষেপ নেওয়ার আহ্বান। এমন এক সময়ে যখন সারা দেশে ট্রান্সজেন্ডার তরুণ এবং LGBTQ+ কমিউনিটিগুলি অবিরাম আক্রমণের মুখোমুখি হচ্ছে, তখন নিউ ইয়র্ককে অবশ্যই সাহস ও সহানুভূতির সাথে নেতৃত্ব দিয়ে যেতে হবে। LGBTQ+ তরুণদের মানসিক স্বাস্থ্যসেবা, ট্রান্সজেন্ডার ও নন-বাইনারি নিউ ইয়র্কবাসীদের জন্য সম্প্রসারিত সমর্থন, এবং আমাদের কমিউনিটির জন্য আরো শক্তিশালী আইনি সুরক্ষায় নতুন বিনিয়োগের মাধ্যমে এই প্রতিশ্রুতি আরেকবার নিশ্চিত করার জন্য আমি গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) প্রতি কৃতজ্ঞ। আমরা একসাথে একটি স্পষ্ট বার্তা দিচ্ছি: নিউ ইয়র্ক এমন একটি জায়গা যেখানে প্রত্যেকেরই স্থান আছে, এবং আমরা সমতার জন্য লড়াই কখনোই বন্ধ করবো না।"

অ্যাসেম্বলির সদস্য Deborah Glick (ডেবোরাহ গ্লিক) বলেন, "গভর্নর Hochul (হোকল) LGBTQ+ কমিউনিটির একজন ধারাবাহিক সমর্থক। ডানপন্থী রাজনীতির সব থেকে চরমপন্থী উপাদানগুলিকে গ্রহণ করে নেওয়া রিপাবলিকান পার্টি থেকে আসা অপপ্রচারের বিরুদ্ধে গভর্নর লড়াই করেছেন। গভর্নর Hochul (হোকল) ধারাবাহিকভাবে প্রমাণ করে চলেছেন যে তারা কাদের ভালোবাসে বা তাদের জেন্ডার পরিচয় নির্বিশেষে নিউ ইয়র্ক স্টেট সব নিউ ইয়র্কবাসীর জন্য, আমি তাঁর পাশে দাঁড়াতে পেরে গর্বিত।"

অ্যাসেম্বলির সদস্য Harry Bronson (হ্যারি ব্রনসন) বলেন, "প্রাইড হলো বৈষম্য, নিপীড়ন বা নিন্দা ছাড়াই নিজের প্রকৃত পরিচয়ে উন্মুক্তভাবে, দৃশ্যমানভাবে এবং স্বাধীনভাবে বেঁচে থাকার অধিকার উদযাপন করা। LGBTQ+ অধিকার আন্দোলনের জন্মস্থান এবং Stonewall Monument-এর অবস্থান হিসেবে, নিউ ইয়র্কের মানবাধিকার রক্ষার পাশাপাশি তা অগ্রসর করারও গৌরবময় ইতিহাস আছে। অন্যান্য স্টেট এবং ফেডারেল পর্যায় থেকে আমাদের LGBTQ+ কমিউনিটির বিরুদ্ধে, বিশেষ করে আমাদের ট্রান্সজেন্ডার, জেন্ডার নন-কনফর্মিং এবং নন-বাইনারি ভাইবোনদের বিরুদ্ধে আক্রমণ সত্ত্বেও, নিউ ইয়র্ক সবসময় সবার মানবাধিকারের জন্য লড়াই করবে। এই বছর আমরা মানুষকে তাদের প্রকৃত পরিচয়ে উন্মুক্তভাবে জীবনযাপন করতে দেওয়ার ক্ষেত্রে অনেক সাফল্য অর্জন করেছি, যার মধ্যে আছে Shield Law 2.0, LGBTQ+ তরুণদের ক্রাইসিস হটলাইনের জন্য তহবিল এবং 988 ক্রাইসিস কাউন্সেলরদের প্রশিক্ষণ, এবং সব থেকে গুরুত্বপূর্ণভাবে, TGNCNB নিউ ইয়র্কবাসীদের নিরাপদ ও স্বাধীনভাবে জীবনযাপনের জন্য প্রয়োজনীয় সংস্থান ও সমর্থন নিশ্চিত করা। এখনো অনেক কাজ বাকি আছে, এবং একসাথে আমরা সকলের জন্য সমতা, সুযোগ, এবং ন্যায়বিচার বাড়ানোর লড়াই চালিয়ে যাবো।"

অ্যাসেম্বলির সদস্য Jessica González-Rojas (জেসিকা গঞ্জালেস-রোহাস) বলেন, "এমন এক সময়ে যখন LGBTQIA+ কমিউনিটিগুলি, বিশেষ করে ট্রান্সজেন্ডার, নন-বাইনারি, এবং জেন্ডার নন-কনফর্মিং নিউ ইয়র্কবাসীরা ফেডারেল সরকারের অবিরাম আক্রমণের মুখোমুখি হচ্ছেন, তখন নিউ ইয়র্ক একটি স্পষ্ট বার্তা দিচ্ছে: এখানে আপনাদের স্থান আছে, এবং আমরা আপনাদের জন্য লড়াই করবো। এই বিনিয়োগগুলি শুধু স্টেটের বাজেটের বরাদ্দ নয়, এগুলি লাইফলাইন। LGBTQ+ তরুণদের জন্য বিশেষায়িত সংকটকালীন সেবা পুনঃপ্রতিষ্ঠা, একটি স্টেটব্যাপী আইনি হটলাইন তৈরি, এবং লোরেনা বোর্জাস ট্রান্সজেন্ডার অ্যান্ড নন-বাইনারি ওয়েলনেস অ্যান্ড ইক্যুইটি ফান্ড বড় করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে আমাদের কমিউনিটিগুলি তাদের প্রাপ্য সমর্থন, সুরক্ষা এবং মর্যাদা পায়। এই অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলিকে অগ্রসর করার প্রতিশ্রুতি, এবং আমাদের নিরাপত্তা, স্বাস্থ্য, ও মানবিক মর্যাদা যে কোনো বিতর্কের বিষয় নয় তা স্বীকার করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ। আমরা একসাথে কাজ চালিয়ে যাবো যাতে নিশ্চিত করা যায় যে প্রত্যেক LGBTQIA+ নিউ ইয়র্কবাসী উন্মুক্তভাবে, নিরাপদে, এবং উন্নতির জন্য প্রয়োজনীয় সংস্থান নিয়ে জীবনযাপন করতে পারেন।"

সদস্য Tony Simone (টনি সিমোন) বলেন, "সারা দেশে LGBTQ+ কমিউনিটি আক্রমণের মুখোমুখি হচ্ছে। নিউ ইয়র্কবাসী এবং আমেরিকান হিসেবে আমাদের দায়িত্ব হলো এমন একটি নিরাপদ আশ্রয়স্থল গড়ে তুলতে সর্বোচ্চ প্রচেষ্টা করা, যেখানে সব মানুষ নিপীড়ন থেকে মুক্ত

থাকতে পারবেন, স্বাস্থ্যসেবার সুযোগ পাবেন, এবং জীবনযাপনের খরচ বহন করতে পারবেন। আমরা এই লক্ষ্যেই মিছিল করি এবং এর জন্য লড়াই করা কখনোই বন্ধ করবো না।"

আধুনিক LGBTQ+ অধিকার আন্দোলনের জন্মস্থান হিসেবে, নিউ ইয়র্ক স্টেট এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টর (Empire State Development) নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ ট্যুরিজমের (New York State Division of Tourism) মাধ্যমে LGBTQ+ পর্যটকদের সারা বছর ধরে আমন্ত্রণ জানায়। 2012 সালে চালু হওয়া I LOVE NY LGBTQ+ উদ্যোগটি সমগ্র স্টেট জুড়ে বিভিন্ন অনুষ্ঠান ও পর্যটন কেন্দ্রের প্রচার চালায়; আর 100টিরও বেশি প্রাইড উদযাপনের সমন্বয়ে গঠিত একটি স্টেট-ব্যাপী ক্যালেন্ডারের মাধ্যমে এটি এই মৌসুমের পর্যটন কার্যক্রমকে কেন্দ্রবিন্দুতে স্থাপন করেছে। ভ্রমণ সহায়িকা এবং ভ্লগগুলি সহ, আরো তথ্য iloveny.com/lgbtq-এ পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন